# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬১৫

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, সিয়াম রাখা বা না রাখার ঐচ্ছিকতা ও ফিদিয়া দেওয়ার বিষয়টি আশুরার সিয়ামের ক্ষেত্রে প্রযোজ্য; রমযানের সিয়ামের ক্ষেত্রে প্রযোজ্য নয়, তার কথা অপনোদনকারী হাদীস

## ذكر الخبر المدحض قول من زعم أن هَذَا الِافْتِدَاءَ وَالتَّخْيِيرَ كَانَ فِي صَوْمِ عَاشُورَاءَ لَا فِي رَمَضَانَ

---

আরবী

3615 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ بُكَيْرِ بْنِ الْأَشَجِّ عَنْ يَزِيدَ مَوْلَى سَلَمَةَ عَنْ سَلَمَةَ بْنِ الْأَكْوَعِ أَنَّهُ قَالَ: كُنَّا فِي رَمَضَانَ فِي عَهْدِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم مَنْ شَاءَ صَامَ وَمَنْ شَاءَ أَفْطَرَ وَافْتَدَى بِإِطْعَامِ مِسْكِينٍ حَتَّى نَزَلَتْ هَذِهِ الْآيَةُ: {فَمَنْ شَهِدَ مِنْكُمُ الشَّهْرَ فليصمه} [البقرة: 185]
الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3615 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2005): ق.

বাংলা

৩৬১৫. সালামাহ বিন আকওয়া রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যামানায় রমযানে আমাদের মাঝে যে ব্যক্তি চাইতো সিয়াম রাখতো আর যে চাইতো সিয়াম না রেখে মিসকিনকে খাদ্য দেওয়ার মাধ্যমে ফিদিয়া দিতো। অতঃপর এই আয়াত অবতীর্ণ হয়, فَمَنْ شَهِدَ مِنْكُمُ الشَّهْرَ فليصمه “অতএব তোমাদের মাঝে যে ব্যক্তি এই মাস পায়, সে যেন সিয়াম রাখে। (-সূরা বাকারাহ: ১৮৫)।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১১৪৫; সহীহ ইবনু খুযাইমাহ: ১৯০৩; সুনান বাইহাকী: ৪/২০০; সহীহুল বুখারী: ৪৫০৭; নাসাঈ: ৪/১৯০; আবূ দাঊদ: ২৩১৫; তিরমিযী: ৭৯৮; দারেমী: ২/১৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২০০৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্ওয়া‘ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92951

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন